

## পরীক্ষায় বসতে পারল না পাঁচ পরীক্ষার্থী

‘এক বছর নষ্ট হওয়ার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী’

মিনাইদহ প্রতিনিধি ▷

মিনাইদহের কাশীগঞ্জ মহাতাব উদ্দিন ডিগ্রি কলেজের পাঁচ শিক্ষার্থীর প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড না আসায় গতকাল বুধবার শুরু হওয়া এইচএসসি পরীক্ষায় তারা অংশ নিতে পারেননি। কলেজ কর্তৃপক্ষের অবহেলার কারণে এমনটি হয়েছে বলে অভিযোগ করেছেন ওই পাঁচ পরীক্ষার্থী ও তাঁদের অভিভাবকরা। তারা এ ঘটনার বিচার চেয়েছেন। জানা যায়, ওই কলেজ থেকে এবারের এইচএসসি পরীক্ষায় অংশ নিতে ফরম পূরণ করেছিলেন রনি, শুভ্রদেব ভদ্র, নাইম হোসেন, বিপুল কুমার ও অরুণ কুমার দাস। কিন্তু গতকাল পর্যন্ত কলেজ কর্তৃপক্ষ তাঁদের প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড দেয়নি। ফলে পরীক্ষায় অংশ নিতে না পেরে কলেজ ক্যাম্পাসে কান্নায় ভেঙে পড়েন তারা।

শুভ্রদেব ভদ্র ও অরুণ কুমার দাস জানান, গত চার-পাঁচ দিন কলেজে গিয়েও তারা প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড পাননি। শিক্ষকরা বলেছিলেন, পরীক্ষার দিন সকালে তাঁদের প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড দেওয়া হবে। কিন্তু পরীক্ষার দিন কেন্দ্রে এসেও তারা এসব পাননি। তারা জানান, সময় মতোই তারা ফরম পূরণ করেছিলেন। কিন্তু কলেজ কর্তৃপক্ষের গাফিলতির কারণে তাঁদের এবার এসএসসি পরীক্ষা দেওয়া হলো না। শুভ্র ও অরুণ বলেন, তাঁদের জীবন থেকে একটি বছর নষ্ট হয়ে গেল। এ জন্য দায়ী কলেজ কর্তৃপক্ষের বিচার চান তারা। কয়েকজন অভিভাবকও এ জন্য কলেজ কর্তৃপক্ষকে দায়ী করে এর বিচার চান।

কাশীগঞ্জ মহিলা কলেজ কেন্দ্রসচিব অধ্যক্ষ আবদুল রাজ্জাক বলেন, ‘মহাতাব উদ্দিন ডিগ্রি কলেজের পাঁচ পরীক্ষার্থীর প্রবেশপত্র আসেনি। শিক্ষা বোর্ডের তালিকায় তাঁদের নাম না থাকায় তাঁদের পরীক্ষা থেকে বিরত রাখা হয়েছে। এ ব্যাপারে আমি উর্ধ্বতন কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করছি।’

মহাতাব উদ্দিন ডিগ্রি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ আবদুল মজিদ বলেন, ‘কিছু ছাত্র কলেজে কোনো খোঁজ না নিয়ে ব্যাংকের মাধ্যমে ফরম ফিলাপের টাকা জমা দেয়। ওই পাঁচজন ছাত্রের ব্যাপারে আমরা খতিয়ে দেখছি।’

কাশীগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা মানোয়ার হোসেন খোন্সা জানান, এ ঘটনায় কেউ অভিযোগ করলে তদন্ত করে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে।